

একটি অতিরিক্ত ভাষা হিসাবে ইংরেজি (EAL): পতিমাতা এবং যত্নশীলদের জন্য তথ্য

ভিক্টোরিয়ার সমস্ত সরকারি স্কুলে ভিক্টোরিয়ান পাঠ্যক্রম (Victorian Curriculum) F-10 শেখায়। ফাউন্ডেশন থেকে ইয়ার ১০ (দশম শ্রেণী) পর্যন্ত প্রতিটি শিশুর কী কী শেখা উচিত সেসব এই পাঠ্যক্রম নির্ধারণ করে থাকে।

ভিক্টোরিয়ান পাঠ্যক্রম F-10 এ, ইংরেজি পাঠ্যক্রমে দুটি শিক্ষার ক্ষেত্র রয়েছে: ইংরেজি, এবং একটি অতিরিক্ত ভাষা হিসাবে ইংরেজি (EAL)।

EAL হল সেই শিক্ষার্থীর জন্য যারা বাড়িতে ভিন্ন ভাষায় কথা বলে এবং স্কুলে সফলতা পতে ইংরেজি ভাষা শেখার প্রয়োজন আছে। EAL-এ, শিক্ষার্থীরা ইংরেজি সম্পর্কে শেখে, এবং শিক্ষার অন্যান্য অন্তর্ভুক্ত বিষয়সমূহের পাঠ্যসূচি এবং বিষয়গুলিকে শিখতে ইংরেজি (ভাষা) ব্যবহার করে। এসব শিক্ষার্থীর নানারকম শিক্ষা চাহিদার প্রয়োজন আছে যা কনি আসবে শিক্ষার্থীর প্রথম ভাষা ইংরেজি এবং বাড়িতে ইংরেজিতেই কথাবার্তা বলে তাদের থেকে ভিন্নতর।

EAL পাঠ্যক্রমের রাস্তা/উপায়সমূহ

EAL শিক্ষার্থীরা কোন শ্রেণীতে অধ্যয়নরত আছে এবং তাদের বয়সের সাথে সংশ্লিষ্টতা রাখতে, EAL পাঠ্যক্রমের শেখার তিনটি উপায় বর্ণনা করে থাকে:

- ফাউন্ডেশন থেকে ইয়ার ২ (দ্বিতীয় শ্রেণী) এর শিক্ষার্থীদের জন্য রাস্তা/উপায় A
- ইয়ার ২ (দ্বিতীয় শ্রেণী) থেকে ইয়ার ৮ (অষ্টম শ্রেণী) এর শিক্ষার্থীদের জন্য রাস্তা/উপায় B
- ইয়ার ৭ (সপ্তম শ্রেণী) থেকে ইয়ার ১০ (দশম শ্রেণী) এর শিক্ষার্থীদের জন্য রাস্তা/উপায় C

এই প্রতিটি উপায় বর্ণনা করে দেয় যে শিক্ষার্থী বিভিন্ন স্তরে কী করতে পারে, যমেন 'প্রশ্নসমূহ এবং সহজ লিখিত নির্দেশাবলী অনুসরণ করা।' শিক্ষার্থীরা ইংরেজি ভাষা শেখার সাথে সাথে এই রাস্তা/উপায়গুলোর মাধ্যমে অগ্রগতি করতে থাকে।

এতে কতক্ষণ সময় লাগবে?

একজন শিক্ষার্থীর শেখার বা EAL শেখা বন্ধ করার জন্য কোনো নির্দিষ্ট সময় বা আবশ্যিকতা নেই। গবেষণায় দেখা গেছে একজন শিক্ষার্থীর মাধ্যমিক বিদ্যালয়ের প্রয়োজনীয় একাডেমিক ভাষা শিখতে ৫ থেকে ৭ বছর এবং কখনও কখনও ১০ বছর পর্যন্ত সময় লাগতে পারে। এর অনেকগুলি কারণ রয়েছে, যমেন একজন শিক্ষার্থী যখন ইংরেজি (ভাষা) শিখতে শুরু করছে তখন তার বয়স কত ছিল, যা নির্ধারণ করে ঐ শিক্ষার্থীর জন্য EAL বা ইংরেজি সরো পছন্দ কনি। আসবে বয়স্ক শিক্ষার্থীরা ইংরেজি (ভাষা) শিখতে শুরু করছে তাদেরকে, অন্য সব শিক্ষার্থী যারা ইংরেজিতে প্রথম ভাষা হিসাবে কথা বলে তাদের মতো একই একাডেমিক ভাষার স্তরে পৌঁছতে আরও বেশি সময় লাগবে।

EAL শেখা শিক্ষার্থীদের ইংরেজিতে একটি মজবুত ভিত্তি প্রদান করে যা তাদের সকল শিক্ষার ক্ষেত্রে সফল হতে সাহায্য করে। যখন আপনার সন্তানের শিক্ষক মূল্যায়ন করেন যে আপনার সন্তান EAL থেকে ইংরেজিতে

যাওয়ার জন্য প্রস্তুত, তখন তারা আপনার সাথে এই বিষয়ে আলোচনা করবে। একযোগে আপনি আপনার সন্তানকে ইংরেজি শেখা চালিয়ে যাওয়ার সর্বশ্রেষ্ঠ উপায় সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারেন।

কর্মজীবন/ক্যারিয়ারের পথ

ইয়ার ১১ (একাদশ শ্রেণী) এবং ইয়ার ১২ (দ্বাদশ শ্রেণী) এর জন্য ভিক্টোরিয়ান সার্টিফিকেটে অফ এডুকেশন (VCE) স্টার্ডা ডিজাইন EAL এবং ইংরেজি উভয়ই অফার করে। যে সমস্ত ছাত্র-ছাত্রীরা VCE EAL সম্পূর্ণ করে তাদের অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয়ে যেতে অথবা অন্য বিষয়ে পড়তে বা কর্মজীবনের পথ বছে নেওয়ার একই সুযোগ রয়েছে যারা কনি VCE ইংরেজি সম্পূর্ণ করে।

EAL শিক্ষার্থীর ফলাফল

প্রতি বছর জুন এবং ডিসেম্বরে, আপনি আপনার সন্তানকে পাঠক্রমের অনুসারে তার অগ্রগতি সম্পর্কে একটি ফলাফল পাবেন। ভাষাকে তিনটি রূপে মূল্যায়ন করে EAL এর ফলাফলটি উল্লেখ করা হয়: বলা এবং শোনা, পড়া এবং দখো এবং লেখো। এই ফরম্যাটটি ইংরেজি ফলাফলের মতই। ফলাফলটি অতিরিক্ত তথ্য প্রদান করতে থাকতে পারে, যখন, আপনার সন্তান যে বিষয়গুলিতে ভালো করছে এবং যেসব ক্ষেত্রে অতিরিক্ত সহায়তার প্রয়োজন সেসব সম্পর্কে।